দৈনিক ইনকিলাব

তারিখ 18 JUN. 1987
পৃষ্ঠা 1 কলাম 6

026

# কুষ্টিয়ায় পুলিশের গুলী ঃ বিক্ষোভ ৩ শতাধিক পরীক্ষার্থী বহিষ্কার

॥ স্টাফ রিপোর্টার ॥

বিক্ষোভ মিছিল ও ব্যাপক গণটুকাটুটির মধ্য দিয়ে গতকাল এইচ.এস সি পরীক্ষার চতুর্থ দিবস অতিবাহিত হয়েছে। অসদুপায় অবলম্বনের দায়ে ঢাকা বোর্ডের ৩৫টি কেন্দ্র থেকে ৩ শতাধিক ছাত্রকে বহিষ্কার করা হয়। নারায়ণগঞ্জ সোনারগাঁও কলেজ কেন্দ্রে নকল ধরার প্রতিবাদে ছাত্ররা একটি বিক্ষোভ মিছিল বের করে এবং নকল ধরার জন্য হল সুপারের প্রতি হুঁশিয়ারী উচ্চারণ করে। নারায়ণগঞ্জ তুলারাম কলেজ কেন্দ্র থেকে নারায়ণগঞ্জ জেলা প্রশাসক পরীক্ষার্থীদের নিকট থেকে নকলের কাগজপত্র উদ্ধার করে দু'বস্তা নকল কলেজ প্রাঙ্গণে পুড়িয়ে দেন।

কুষ্টিয়া থেকে সংবাদদাতা জানান, মীরপুর সরকারী আমলা কলেজ কেন্দ্রে পুলিশের সাথে বহিরাগতদের এক সংঘর্ষে ৪ জন পুলিশসহ মোট ২০ জন আহত হয়েছে। এ সময় পুলিশ ২ রাউণ্ড ফাঁকা গুলী ও ১ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। পরীক্ষা কেন্দ্রে হাংগামা সৃষ্টির অভিযোগে পুলিশ ৯ জনকে গ্রেফতার করেছে।